দামুড়হুদায় পাটকাঠি এখন পান বরজের শলি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় পাটের চেয়ে পাঠকাঠির কদর বরাবরই বেশি। এবারো তার ব্যতিক্রম নেই। এ জনপদে পাট কাটার ভরা মৌসুম থেকে শুরু করে সারা বছরই পাটকাঠি চড়ামূল্যে বিক্রয় হচ্ছে। তাই পাটকাঠি এখন আর জ্বালানি নয় পান বরজের শলি হিসেবে ব্যবহার হচ্ছে।

জানা গেছে, বিগত বছরগুলোতে পান চাষে লাভবান হওয়ার কারণে এ জনপদে চাষীরা প্রতিবছর নুতন নতুন পান বরজ তৈরি করে পান চাষে ঝুঁকে পড়ছেন। পানচাষীরা বিপুল উৎসাহ নিয়ে উপজেলার বিভিন্ন গ্রামের মাঠে নতুন পান বরজ তৈরিতে উদ্বুদ্ধ হচ্ছেন। অনেক চাষী নিজের জমি না থাকলেও অন্যের জমি লিজ নিয়ে পান বরজ তৈরি করছেন।

প্রতিবছর নানা প্রতিকূলতার ফাঁদে পড়ে পান বরজে ব্যাপকহারে ক্ষতি হয়। পান চাষ করে এ জনপদের অনেক চাষী আজ স্বাবলম্বী হয়েছেন। অনান্য ফসলের লাভ কম হওয়ায় এলাকায় প্রতিবছর ব্যাপকহারে নুতন নতুন পান বরজ তৈরি হচ্ছে। পানচাষে যেমন নিজে আর্থিকভাবে লাভবান হওয়া যায় তেমনই অনেক লোকের কর্ম সংস্থানের সৃষ্টিও করা যায়

অনেকে পান বরজকে আঁকড়ে ধরে পরিবার-পরিজন নিয়ে স্বচ্ছন্দে জীবনযাপন করছেন। শীত মৌসুম শুরু হলে পান বরজের ক্ষতি পুষিয়ে নিতে পান চাষীরা নতুন বরজ তৈরি ও মেরামত করতে শুরু করে। চাষীরা আগে পান বরজে পানের লতা খাড়া করে রাখার জন্যে বাঁশের শলি ব্যবহার করতেন। সম্প্রতি সময়ে বরজের প্রধান উপকরণ বাঁশের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় বাঁশের বিকল্প হিসেবে ব্যাপকভাবে পাটকাঠির ব্যবহার শুরু হয়েছে।

এ অঞ্চলের চাষী গৃহস্থ পরিবারগুলো পাট চাষ করে সারা বছর রান্নার কাজে পাটকাঠি জ্বালানি হিসেবে ব্যবহার করতেন। তাই পাটকাঠি এখন আর জ্বালানি নয় পান বরজের শলি হিসেবে ব্যবহার হচ্ছে। জয়রামপুর গ্রামের পাটচাষী ছাত্তার বলেন, গ্রামের লোকজন পাট কাটা শুরু করেছেন। অনেকে পাট শুকানোর কাজ করছেন।

ইতোমধ্যে পাটকাঠি ক্রয়ের জন্যে পাটকাঠি ব্যবসায়ীরা তাগাদা দিতে শুরু করেছেন। অনেকে তাদের নিকট থেকে আগাম টাকা নিয়ে পাটকাঠি বিক্রি করে দিয়েছেন।

পান চাষী শাহজাহান বলেন, এক সময় পান বরজে পানের লতা খাড়া করে রাখার জন্যে বাঁশের শলি ব্যবহার করা হতো। সম্প্রতি সময়ে বরজের প্রধান উপকরণ বাঁশের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ার কারণে বাঁশের বিকল্প হিসেবে ব্যাপকভাবে পাটকাঠির ব্যবহার শুরু হয়েছে।

পাটকাঠি ব্যবসায়ী আলমডাঙ্গার মজিদ বলেন, সারা বছর পাট চাষীদের বাড়ি বাড়ি গিয়ে পাটকাঠি কিনে এলাকার বিভিন্ন হাটবাজারে এবং নতুন নতুন বরজ মালিকদের কাছে বিক্রি করি। বর্তমানে এলাকার পান বরজে বাঁশের শলির পরিবর্তে পাটকাঠির শলি ব্যবহার হওয়ার কারণে পাটকাঠির কদর বেড়ে গেছে।

সারাদিন সঙ্গেই ছিল ঘাতক, বুঝতেও পারেনি বশির

বশির উদ্দিনের (৫৫) ভ্যানে করে সারাদিন ঘুরে বেড়িয়েছেন তারই পূর্ব পরিচিত রঞ্জু মন্ডল। দু’জন গল্প করেছেন, এক সাথে চা-ও খেয়েছেন। বশির ঘুণাক্ষরেও ভাবতে পারেনি এই রঞ্জুর হাতেই তার প্রাণ যাবে। কুষ্টিয়ার ভ্যানচালক বশির উদ্দিন হত্যার ঘটনায় আটক রঞ্জু মন্ডল এমনই চাঞ্চল্যকর তথ্য দিয়েছে পুলিশকে।

গত মঙ্গলবার (২৫ আগস্ট) সকালে সদর উপজেলার চরগোপালপুর-মিটন সড়কের পাশে ধান ক্ষেত থেকে বশির উদ্দিনের মৃতদেহ উদ্ধার করে পুলিশ। তার বাড়ির পাশের উপজেলা কুমারখালীর সাঁওতা গ্রামে।

পরে এ ঘটনার তদন্তে নামে পুলিশ। প্রথমে সদর উপেজেলার নগর মোহাম্মদপুর গ্রামে আনজেরা নামে এক গৃহবধূর বাড়ি থেকে বশিরের ভ্যানটি উদ্ধার করে পুলিশ। আনজেরা পুলিশকে জানায়, তার চাচাতো ভাই রঞ্জু রাতে ভ্যানটি রেখে গেছে। পরে মঙ্গলবার রাতে সাঁওতা গ্রামের শ্বশুরবাড়ি থেকে আটক হন রঞ্জু।

আটক রঞ্জুর বরাত দিয়ে বুধবার দুপরে কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার আব্দুর রহমান পুলিশ সুপারের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে বলেন, নিহত বশির ও ঘাতক রঞ্জুর শ্বশুরবাড়ি একই এলাকায়। এরই সূত্র

ধরে দুজনের পরিচয়। রঞ্জু নিজের মায়ের খোঁজ খবর রাখতেন না, ভরণ-পোষণও দিতেন না।

তিনি বেশির ভাগ সময় শ্বশুরবাড়িতেই থাকতেন। বশিরের বিষয়টি ভাল লাগেনি। তিনি প্রায়ই মাকে ভরণ-পোষণ দেওয়ার জন্য রঞ্জুকে অনুরোধ করতেন। এতে ক্ষুব্ধ হন রঞ্জু। এ নিয়ে দুজনের মধ্যে সম্পর্কের অবনতি হয়। এই ক্ষোভ থেকে বশিরকে হত্যার পরিকল্পনা করেন রঞ্জু।

পরিকল্পনা অনুযায়ী, গত ২৪ আগস্ট সকালে ২০০ টাকা দিয়ে বশিরের ভ্যান ভাড়া করেন রঞ্জু। তিনি সারা দিন বশিরকে সাথে নিয়ে বিভিন্ন জায়গায় ঘোরাঘুরি করেন। এক সাথে চা-ও পান করেন। এক ফাঁকে বিআরবি ক্যাবলস-এর নিকটে ইট কেনা-বেচার দোকানের সামনে এসে প্রসাব করার কথা বলে ভ্যান থেকে নেমে কৌশলে ১টি ইট নিয়ে লুঙ্গির আড়ালে রেখে পুনঃরায় ভ্যানে ওঠেন রঞ্জু।

পরে রাত ১০টার দিকে চরপাড়া মাঠের মধ্যে বাথরুম পেয়েছে বলে বশিরকে ভ্যান থামাতে বলে। তার কথায় ভ্যান থামালে রঞ্জু লুঙ্গির ভেতর থেকে ইট বের করে বশিরের মাথার মাঝখানে সজোরে আঘাত করেন। এতে ঘটনাস্থলেই বশির মারা যায়।

পরে রঞ্জু মৃতদেহটি রাস্তার পাশের ধান ক্ষেতে ফেলে রেখে ভ্যান নিয়ে চলে যায়। ঘাতক রঞ্জু সদর উপজেলার মেটন গ্রামের সালামত মন্ডলের ছেলে।

গাংনীতে টিএন্ডটির বেহাল দশা !

বিটিসিএল এর অধীন গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ’র সেবা মান নিয়ে প্রশ্ন তুলেছে গাংনীর গ্রাহকরা । কাঙ্খিত সেবা না পেয়ে গ্রাহকরা টেলিফোন লাইন থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন। টেলিফোনের ইন্টারনেট লাইন নিয়েও কাঙ্খিত সেবা পাচ্ছেন না। বর্তমানে অধিকাংশ সরকারি অফিসগুলোতে টেলিফোন সংযোগ থাকলেও এর মান নিয়ে প্রশ্ন তুলেছেন সরকারি কর্মকর্তারায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিবকল্পনা কর্মকর্তা ডা:

রিয়াজুল আলম জানান ডিজিটাল যুগে গাংনী টেলিফোনের সেবামান অত্যন্ত খারাপ জনগণ সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

গাংনী উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা নাসিমা আক্তার জানান টেলিফোন সেবা থেকে দীর্ঘ দিন যাবত আমার অফিস বঞ্চিত সরকারি সেবার কাজ চরম ভাবে ব্যাহত হচ্ছে সংশিষ্ট কর্তৃপক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা উচিৎ বলে মনে করি।

গাংনী উপজেলা খাদ্য অফিস সূত্রে জানা যায় দীর্ঘ দিন যাবত টেলিফোন টি বিকল হয়ে পড়ে আছে সরকারি কাজে অসুবিদা হচ্ছে।

গাংনী উপজেলা সমবায় অফিস সূেএ জানা যায়, তাদের অফিসের টেলিফোনের সংযোগ বন্ধ হয়ে পড়ে আছে বার বার তাগাদা দেয়ার পরেও কোন কাজ হয়নি । সরকারি কাজ সময়ে ঠিক করতে পারছি না। সব গ্রাহকদের অভিযোগ গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ অভিযোগ নং টি সব সময় বন্ধ থাকে সংযোগ পাওয়া যায় না। এছাড়া ইন্টারনেট লাইনও থাকে না অধিকাংশ সময় । ফলে ব্যক্তি পর্যায়ে খরচ বেড়ে যাচ্ছে ইন্টারনেট সেবা নিতে গিয়ে।

গাংনী ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জের কর্মকর্তা(টিসিএম) আব্দুর ছাত্তার জানান কোন জনবলে অভাবে কারণে টেলিফোন গ্রাহকদের সেবা ঠিক সময়ে দিতে পারছি না।

বিটিসিএল মেহেরপুর অফিসের সহকারী প্রকৌশলী জিললুর রহমান জানান গাংনীতে টেলিফোন গ্রাহকদের বিভিন্ন ধরনের অসুবিদা আছে আমরা চেষ্টা করছি খুব তাড়াতাড়ি সমাধান হবে বলে আমি মনে করি।

শৈলকুপয় শিক্ষক ফজলুর রহমান কিভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলেন, জনমনে প্রশ্ন

ঝিনাইদহের শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ভোকেশনাল ট্রেডের শিক্ষক মোহাম্মদ ফজলুর রহমানের বিরুদ্ধে নানা অভিযোগ

বলেন আমি দায়িত্ব থাকা অবস্থায় ফজলুর রহমান ট্রেড শিক্ষক হিসেবে নিয়োগ পায়। কিন্তু আমার জানা মতে নিয়মতান্ত্রিকভাবে তার সাধারণ শাখায় নিয়োগ পাওয়ার সুযোগ নেই। তবে কিভাবে নিয়োগ পেয়েছেন তা আমার জানা নেই। ঠিক তদন্ত হলে এর মূল রহস্য বেরিয়ে আসবে।

এ ব্যাপারে শৈলকুপা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শামীম আহমেদ বলেন, ঘটনাটি আমার জানা ছিল না। খোঁজ খবর নিয়ে বিষয়টি দেখবো। যদি দোষি প্রমাণিত হয় তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে সকল শিক্ষাগত যোগ্যতা যদি থাকে এবং শিক্ষা নীতিমালার আওতায় পড়ে তাহলে তিনি ট্রেড পাল্টিয়ে সাধারণ শাখায় আসতে পারেন। অন্যথায় কোন সুযোগ নেই।

মেহেরপুরে আজ নতুন করে করোনা আক্রান্ত হয়েছে ১২ জন

মেহেরপুরে আজ নতুন করে ১২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৪৯৫ জন।
আজ সন্ধা ৬ টার সময় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ২৬টি রিপোটের মধ্যে ১২ টি পজিটিভ। এর মধ্যে সদর ১টি, গাংনীতে ৮টি এবং মুজিবনগরে ৩টি। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩২৭২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৬৫ (সদর-৯৮, গাংনী- ৪৭, মুজিবনগর -২০) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১১ জন। (সদর-৫, গাংনী- ৫, মুজিবনগর -১)। সুস্থ হয়েছেন ২৮১ জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৩৪ জনকে।

নমুনা ৩৪৭৩+৩৫=৩৫০৮, সদর ও হাসপাতাল ৫+১৯= ২৪, গাংনী-১১, মুজিবনগর-০। ফলাফল- ৩২৪৬+২৬= ৩২৭২টি।

সদর-১

বড় বাজার – হানিফ
মুজিবনগর-৩
মহাজনপুর-রফিকুজ্জামান শেখ (৭৫), বাগোয়ান- সান্তনা আক্তার (২৮), শিবপুর-সহিদুল (২৮)
গাংনী-৮
হাড়াভাঙ্গা-কোহিনুর (৫০), বামন্দী-আনোয়ারুল ইসলাম (৬২), হাড়াঙাঙ্গা- রাবেয়া খাতুন (৬৫), মটমুড়া ক্লাব বাজার- হারুন অর রশীদ (২২), মহিলা কলেজ পাড়া-আহাদুল হক (৪২), হাড়াভাঙ্গা মাদ্রাসাপাড়া-সুলতান (৭৫), হাড়াভাঙ্গা মাদ্রাসাপাড়া-কোহিনুর (৬০), হাড়াভাঙ্গা মাদ্রাসাপাড়া-আব্দুল মজিদ (৭৭)

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়নে বিট পুলিশং এর উদ্বোধন

মুজিব বর্ষের অঙ্গীকার,পুলিশ হবে জনতার এই স্লোগানকে সামনে রেখে আইনী সহায়তা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়ার লক্ষে ০১ নং জুড়ানপুর ইউনিয়নে বিট পুলিশ কার্যক্রম উদ্বোধন করা হয়েছে ।

বুধবার সকাল ১১ টার সময় বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন করা হয়।এসময় উপস্থিত ছিলেন জনাব সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা (সার্কেল) মোঃ আবু রাসেল , দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ জনাব মোঃ আব্দুল খালেক, বিট অফিসার এসআই মোঃ আমজাদ হোসেন, এবং সহকারী বিট অফিসার।

এছাড়া আরো উপস্থিত ছিলেন ০১ নং জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, জুড়ানপুর ইউনিয়ন এর বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্য ও স্থানীয় বিভিন্ন গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এ সময় উক্ত সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ রোধ, নারী নির্যাতন, ইফটিজিং রোধকল্পে বিট পুলিশ পুলিশিং কার্যক্রম চালু করা হয়।

সর্বপরি এলাকার মানুষের কষ্ট লাঘবের জন্য এবং পুলিশিং সেবা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে ও পুলিশি কার্যক্রম আরো গতিশীল করতে এই বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন করা হয়।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দু’ব্যাবসায়ীর জরিমানা

মেরেপুরের গাংনী বাজারের ওষুধের দোকানসহ দুটি দোকানে অভিযান চালিয়ে ভোক্তা অধিকার আইনে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গাংনী বাজারের সেতু ফার্মেসী নামক একটি ওষুধের দোকান ও সেতু হার্ডওয়ার এ্যন্ড ইলেক্ট্রনিক দোকানে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

বুধবার বেলা ১১ টার দিকে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহম্মেদ এ অভিযান পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানায়, গাংনীর সেতু ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে ফার্মেসীর মালিক বাবুল হাসানকে ১০ হাজার টাকা এবং পার্শ্ববর্তী সেতু হার্ডওয়ার এন্ড ইলেক্ট্রনিক্স দোকানে যত্রতত্র গ্যাস সিলিন্ডার রাখা ও গ্যাস সিলিন্ডারের মুল্য তালিকা না টাঙ্গানোর অপরাধে দোকান মালিক আব্দুস সালামকে ৪ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জেলা স্যানিটারী ইন্সেপেক্টর আব্দুস সালামসহ গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আসছিলেন। মালশাদাহ নামক স্থানে পৌছালে থেকে বিপরীত দিক থেকে আসা বেপরোয়া আলমসাদু তাকে ধাক্কা দেয়।

এসময় হোসেন আলী ইজিবাইক থেকে ছিটকে পড়ে হাত-পা ও মাথায় রক্তাক্ত জখম হয়। পথযাত্রীরা তাকে উদ্বার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

হোসেন আলীর অবস্থা আশঙকা জনক হওয়ায় জরুরী বিভাগের চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

করোনাভাইরাসে আরও ৫৪ জনের প্রাণহানি

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৮২ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৫১৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ২ হাজার ১৪৭ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৪২৭ জন এবং মোট সুস্থ ১ লাখ ৯০ হাজার ১৮৩ জন।

বুধবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সূত্র- যুগান্তর